গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলগাজী, ফেনী
www.fulgazi.feni.gov.bd

## বাংলা নববর্ষ ১৪৩৩ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ফাহ্রিয়া ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, ফুলগাজী, ফেনী |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |
| তারিখ ও সময় | : | ০৮ এপ্রিল/২০২৬ খ্রি:, বিকাল : ৩.৩০ ঘটিকা |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক' |

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানানোর মাধ্যমে সভার কার্যক্রম শুরু করা হয়। পহেলা বৈশাখ বাংলা নববর্ষ উদযাপন বাংলাদেশের সকল জাতি-গোষ্ঠীর সংস্কৃতির একটি অবিচ্ছেদ্য অংশ। অতঃপর বাংলা নববর্ষ ১৪৩৩ উদযাপন উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্ত-মন্ত্রণালয় সভার সিদ্ধান্তের আলোকে জাতীয় কর্মসূচি ও জেলার গৃহীত কর্মসূচি পাঠ করে শোনান। সভায় উপস্থিত কর্মকর্তা ও বিভিন্ন সংগঠনের সদস্যবৃন্দ বাংলা নববর্ষ ১৪৩৩ উৎসবমুখর ও বর্ণিল পরিবেশে উদযাপনের লক্ষ্যে মতামত ব্যক্ত করেন। আলোচনান্তে জাতীয় কর্মসূচির আলোকে ফুলগাজী উপজেলা পর্যায়ে দিবসটি পালনের জন্য নিম্নোক্ত কর্মসূচি ও সিদ্ধান্ত গৃহীত হয়।

কর্মসূচিঃ

| নং | তারিখ ও সময় | গৃহীত কর্মসূচি/স্থান | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | ৩০/১২/১৪৩৩ বঙ্গাব্দ<br>১৩/০৪/২০২৬ খ্রিস্টাব্দ<br>সময়ঃ সকাল ১০.০০ টা | রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা<br>স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ফুলগাজী, ফেনী | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং উপজেলা শিক্ষা অফিসার, ফুলগাজী, ফেনী |
| ২ | ০১/০১/১৪৩৩ বঙ্গাব্দ<br>১৪/০৪/২০২৬ খ্রিস্টাব্দ<br>সময়ঃ সকাল ০৮.৩০টা | বৈশাখী শোভাযাত্রা<br>স্থান: ফুলগাজী সরকারি পাইলট উচ্চ বিদ্যালয় মাঠ হতে শুরু হয়ে উপজেলা পরিষদ চত্বরে এসে শেষ হবে। | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ৩ | ০১/০১/১৪৩৩ বঙ্গাব্দ<br>১৪/০৪/২০২৬ খ্রিস্টাব্দ<br>সময়ঃ সকাল ০৯.০০ টা | আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান<br>স্থান : উপজেলা পরিষদ প্রাঙ্গণ (কড়াই তলা), ফুলগাজী, ফেনী | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ৪ | ০১/০১/১৪৩৩ বঙ্গাব্দ<br>১৪/০৪/২০২৬ খ্রিস্টাব্দ | সকল ইউনিয়ন পরিষদ নিজস্ব ব্যবস্থাপনায় উৎসবমুখর পরিবেশে ও যথাযথ আড়ম্বরে পহেলা বৈশাখ বাংলা নববর্ষ উদযাপন | আর্থিক ও প্রশাসনিক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ (সকল), ফুলগাজী, ফেনী |
| | ০১/০১/১৪৩৩ বঙ্গাব্দ<br>১৪/০৪/২০২৬ খ্রিস্টাব্দ | সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিজস্ব ব্যবস্থাপনায় উৎসবমুখর পরিবেশে ও যথাযথ আড়ম্বরে পহেলা বৈশাখ বাংলা নববর্ষ উদযাপন | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং উপজেলা শিক্ষা অফিসার, ফুলগাজী, ফেনী |

সিদ্ধান্ত সমূহ :

১। বাংলা নববর্ষ ১৪৩৩ উদযাপন অনুষ্ঠান আবশ্যিকভাবে 'জাতীয় সংগীত' ও 'এসো হে বৈশাখ' গান পরিবেশনের মাধ্যমে শুরু হবে।

২। বাংলা নববর্ষ ১৪৩৩ উদযাপন অনুষ্ঠান উপলক্ষ্যে হাড়ি ভাঙ্গা খেলা ও দড়ি টানা খেলা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। ০১/০১/১৪৩৩ বঙ্গাব্দ তারিখে অনুষ্ঠিতব্য বর্ণাঢ্য শোভাযাত্রায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী শিক্ষকসহ সাংস্কৃতিক সংগঠন এবং সর্বস্তরের জনগণ অংশগ্রহণ করবে। গার্লস গাইড, বয়েজ স্কাউটস, এবং ফুলগাজী সরকারি পাইলট উচ্চ বিদ্যালয় ও জিএমহাট উচ্চ বিদ্যালয় বাদক দলকেও অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হয়। এনজিও এবং সাংস্কৃতিক সংগঠনসমূহ তাদের নিজ নিজ পরিকল্পনায় বাঙালি সংস্কৃতি স্বতঃস্ফূর্ত ও প্রাণবন্তভাবে উপস্থাপন করবেন। বর্ণাঢ্য শোভাযাত্রা শেষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। রাষ্ট্রীয়ভাবে ঘোষণাকৃত সাধারণ ছুটির দিনে উপজেলার বিভিন্ন বিভাগ/দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারীকে উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত পহেলা বৈশাখ উদযাপন উপলক্ষ্যে গৃহীত সকল কর্মসূচিতে উপস্থিত থাকার অনুরোধ করা হয়।

৫। সংস্কৃতিক অনুষ্ঠানে কবিগান, লোকজ গান, জারি-সারি গান, নৃত্য ইত্যাদি আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সাংস্কৃতিক সংগঠনসমূহকে অনুরোধ করা হয়।

৬। গৃহীত কর্মসূচিসমূহে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলগাজী, ফেনীকে অনুরোধ করা হয়।

৭। জাতীয় কর্মসূচির আলোকে পহেলা বৈশাখ ১৪৩৩ ইউনিয়নসমূহে যথাযথভাবে উদযাপনের লক্ষ্যে কর্মসূচি গ্রহণ করার জন্য আর্থিক ও প্রশাসনিক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ (সকল), ফুলগাজী, ফেনীকে অনুরোধ করা হয়।



CamScanner

৯। পহেলা বৈশাখ ১৪৩৩ উদযাপনে দুর্ঘটনা রোধে প্রয়োজনীয় সতর্কতাসহ প্রস্তুত থাকার জন্য ষ্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ফুলগাজী ফেনীকে অনুরোধ করা হয়।

১০। পহেলা বৈশাখ ১৪৩৩ উদযাপন উপলক্ষ্যে গৃহীত সকল কর্মসূচি সুষ্ঠুভাবে সম্পন্ন করার নিমিত্ত সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি মনিটরিং করা ও তদানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অফিসার ইনচার্জ, ফুলগাজী থানাকে অনুরোধ করা হয়।

১. বর্ণিত কর্মসূচি ও সিদ্ধান্তসমূহের সফল বাস্তবায়নের লক্ষ্যে নিম্নরূপ উপ-কমিটিসমূহ গঠন করা হলঃ

ক) পহেলা বৈশাখ উদযাপন উপ কমিটি:

| | | |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, ফুলগাজী, ফেনী | আহ্বায়ক |
| ০২ | অধ্যক্ষ, ফুলগাজী সরকারি কলেজ, ফুলগাজী, ফেনী | সদস্য |
| ০৩ | সহকারী কমিশনার (ভূমি), ফুলগাজী, ফেনী | সদস্য |
| ০৪ | অফিসার ইনচার্জ, ফুলগাজী থানা, ফুলগাজী, ফেনী | সদস্য |
| ০৫ | আর্থিক ও প্রশাসনিক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ (সকল), ফুলগাজী, ফেনী | সদস্য |
| ০৬ | উপজেলা পর্যায়ে সরকারি দপ্তরের কর্মকর্তা (সকল), ফুলগাজী, ফেনী | সদস্য |
| ০৭ | অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার, সকল প্রাথমিক/মাধ্যমিক/উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান | সদস্য |
| ০৮ | সভাপতি/সম্পাদক, বাজার ব্যবসায়ী কল্যান সমিতি, ফুলগাজী, ফেনী | সদস্য |
| ০৯ | সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, ফুলগাজী, ফেনী | সদস্য |
| ১০ | সভাপতি/সম্পাদক, হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান ঐক্য পরিষদ, ফুলগাজী, ফেনী | সদস্য |
| ১১ | সভাপতি/সম্পাদক, ঐকতান সাংস্কৃতিক পরিষদ, ফুলগাজী, ফেনী | সদস্য |
| ১২ | সভাপতি/সম্পাদক, সকল সাংস্কৃতিক সংগঠন, ফুলগাজী, ফেনী | সদস্য |

(খ) বর্ণাঢ্য শোভাযাত্রা উপ-কমিটি:

| | | |
|---|---|---|
| ০১ | উপজেলা একাডেমিক সুপারভাইজার, ফুলগাজী, ফেনী | আহ্বায়ক |
| ০২ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ফুলগাজী, ফেনী | সদস্য |
| ০৩ | জনাব আনিছুল আলম, সভাপতি, ঐকতান সাংস্কৃতিক পরিষদ, ফুলগাজী, ফেনী | সদস্য |
| ০৪ | জনাব পিনুশ্রী বণিক, সদস্য, শিল্পকলা একাডেমী, ফুলগাজী, ফেনী | সদস্য |
| ০৫ | জনাব জহিরুল ইসলাম জাহাঙ্গীর, নজরুল একাডেমি, ফুলগাজী, ফেনী | সদস্য |
| ০৬ | জনাব নজরুল ইসলাম, উপজেলা টেকনিশিয়ান, ফুলগাজী, ফেনী | সদস্য |

(গ) সাংস্কৃতিক অনুষ্ঠান উপ-কমিটি:

| | | |
|---|---|---|
| ০১ | উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলগাজী, ফেনী | আহ্বায়ক |
| ০২ | সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, ফুলগাজী, ফেনী | সদস্য |
| ০৩ | জনাব আনিছুল আলম, সভাপতি, ঐকতান সাংস্কৃতিক পরিষদ, ফুলগাজী, ফেনী | সদস্য |
| ০৪ | জনাব পিনুশ্রী বণিক, সদস্য, শিল্পকলা একাডেমী, ফুলগাজী, ফেনী | সদস্য |
| ০৫ | জনাব জহিরুল ইসলাম জাহাঙ্গীর, নজরুল একাডেমি, ফুলগাজী, ফেনী | সদস্য |
| ০৬ | জনাব নজরুল ইসলাম, উপজেলা টেকনিশিয়ান, ফুলগাজী, ফেনী | সদস্য |

আগামী ১২ তারিখের মধ্যে উপ-কমিটিসমূহ তাদের স্ব-স্ব সভা আহ্বান করে পরিকল্পনা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। গঠিত উপ-কমিটিসমূহের আহ্বায়কগণ প্রয়োজনবোধে আরো সদস্য কো-অপ্ট করতে পারবেন। অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

[signature] ০৪/২০২৬

(ফাহ্রিয়া ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলগাজী, ফেনী
মোবাইল: ০১৭১৩-১৮৭৩১৫
ই-মেইল UNOFULGAZI@MOPA.GOV.BD



CamScanner

স্মারক নং-০৫.২০.৩০৪১.০০০.০২৩.০০১.২৫ ৩৫৭/১(৫০), তারিখঃ ২৫ চৈত্র/১৪৩২ বঙ্গাব্দ / ০৮ এপ্রিল/২০২৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, ফেনী
২. অধ্যক্ষ, ফুলগাজী সরকারি কলেজ, ফুলগাজী, ফেনী
৩. সহকারী কমিশনার (ভূমি), ফুলগাজী, ফেনী
৪. অফিসার ইনচার্জ, ফুলগাজী থানা, ফেনী। [ সার্বিক নিরাপত্তা বিধানের অনুরোধ করা হলো ]
৫. উপজেলা শিক্ষা/মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলগাজী, ফেনী। [তাঁর অধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে যথাযোগ্য মর্যাদায় অনুষ্ঠান সম্পন্ন ও সফল করার নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো ]
৬. উপজেলা ......................................কর্মকর্তা(সকল), ফুলগাজী, ফেনী
৭. ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলগাজী, ফেনী
৮. অধ্যক্ষ/সুপার,......................................... স্কুল এন্ড কলেজ/মাদ্রাসা, ফুলগাজী, ফেনী
৯. আর্থিক ও প্রশাসনিক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা,..............................ইউনিয়ন পরিষদ (সকল),ফুলগাজী, ফেনী
১০. প্রধান শিক্ষক, ..........................................................................., ফুলগাজী, ফেনী
১১. আহ্বায়ক, ......................................................... ............................উপ-কমিটি
১২. ফিল্ড সুপারভাইজার, ইসলামী ফাউন্ডেশন, ফুলগাজী, ফেনী
১৩. সাধারণ সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, ফুলগাজী, ফেনী
১৪. সভাপতি/সম্পাদক, ইমাম সমিতি, ফুলগাজী, ফেনী
১৫. সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, ফুলগাজী, ফেনী
১৬. সভাপতি/সম্পাদক, ঐকতান সাংস্কৃতিক পরিষদ, ফুলগাজী, ফেনী
১৭. সভাপতি/সম্পাদক, বাজার ব্যবসায়ী সমিতি (সকল), ফুলগাজী, ফেনী
১৮. সভাপতি/সম্পাদক, মাধ্যমিক/প্রাথমিক শিক্ষক সমিতি, ফুলগাজী, ফেনী
১৯. সভাপতি/সম্পাদক, বাংলাদেশ হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদ, ফুলগাজী, ফেনী
২০. জনাব.................................................ফুলগাজী, ফেনী
২১. অফিস কপি

০৭/০৪/২০২৬

উপজেলা নির্বাহী অফিসার
ফুলগাজী, ফেনী



CamScanner